

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৮০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৯৩]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩৬২ : যাদু-বিদ্যা কঠোরভাবে হারাম

(362) بَابُ التَّغْلِيظِ فِي تَحْرِيمِ السِّحْرِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: «اجْتَنِبُوا السَّبْعَ الْمُؤْبَقَاتِ». قَالُوا: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَمَا هُنَّ؟ قَالَ: «الشِّرْكَ بِاللَّهِ، وَالسِّحْرُ، وَقَتْلُ النَّفْسِ الَّتِي حَرَّمَ اللَّهُ إِلَّا بِالْحَقِّ، وَأَكْلُ الرِّبَا، وَأَكْلُ مَالِ الْيَتِيمِ، وَالتَّوَلَّى يَوْمَ الزَّحْفِ، وَقَذْفُ الْمُحْصَنَاتِ الْمُؤْمِنَاتِ الْغَافِلَاتِ». متفق عليه

বাংলা

মহান আল্লাহ বলেন,

﴿وَمَا كَفَرَ سُلَيْمَانُ وَلَكِنَّ الشَّيَاطِينَ كَفَرُوا يُعَلِّمُونَ النَّاسَ السِّحْرَ﴾ [البقرة: ১০২]

অর্থাৎ সুলায়মান কুফরী করেনি। বরং শয়তানরাই কুফরী করেছিল; তারা মানুষকে যাদু শিক্ষা দিত। (সূরা বাকারাহ ১০২ আয়াত)

১/১৮০২। আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "তোমরা সাত প্রকার সর্বনাশী কর্ম থেকে দূরে থাক।" লোকেরা বলল, 'সেগুলো কি কি হে আল্লাহর রসূল!' তিনি বললেন, [১] "আল্লাহর সাথে শিরক করা। [২] যাদু করা। [৩] অন্যায়ভাবে এমন জীবন হত্যা করা, যাকে আল্লাহ হারাম করেছেন। [৪] সুদ খাওয়া। [৫] এতীমের ধন-সম্পদ ভক্ষণ করা। [৬] ধর্মযুদ্ধ কালীন সময়ে [রণক্ষেত্র] থেকে পৃষ্ঠ প্রদর্শন করে পলায়ন করা। [৭] সতী-সাধ্বী উদাসীনা মু'মিনা নারীদের চরিত্রে মিথ্যা কলঙ্ক আরোপ করা।" (বুখারী-মুসলিম) [1]

English

(362) Chapter: Prohibition of Magic

Allah, the Exalted, says:

"Sulaiman (Solomon) did not disbelieve, but the Shayatin (devils) disbelieved, teaching men magic." (2:102)

Abu Hurairah (May Allah be pleased with him) said:

The Prophet (ﷺ) said, "Avoid the seven destructive things." It was asked: (by those present): "What are they, O Messenger of Allah?" He replied, "Associating anyone or anything with Allah in worship; practising sorcery, killing of someone without a just cause whom Allah has forbidden, devouring the property of an orphan, eating of usury, fleeing from the battlefield and slandering chaste women who never even think of anything touching chastity and are good believers."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith has already appeared earlier. All the acts mentioned in it are unlawful. The teaching, learning and practising of magic are all unlawful, and Imam An-Nawawi has quoted this Hadith here to prove the prohibition of magic in Islam.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৭৬৬, ২৭৬৭, ৫৭৬৪, ৬৮৫৭, মুসলিম ৮৯, নাসায়ী ৩৬৭১, আবু দাউদ ২৮৭৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=32549>

📄 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন